

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার নং-০৯

তারিখঃ মে ৩০, ২০১৩

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল
অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়,

অন-লাইনে মূল্য পরিশোধের ক্ষেত্রে আন্তর্জাতিক ক্রেডিট কার্ডের ব্যবহার প্রসঙ্গে।

গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন, ভলিউম-১ (২০০৯), অধ্যায়-১৯, এফই সার্কুলার-১১, তারিখ : জুলাই ১৪, ২০১১ এবং এফই সার্কুলার-১৪, তারিখ ডিসেম্বর ২৬, ২০১২ এর প্রতি অনুমোদিত ডিলার ব্যাংকসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উল্লেখিত সূত্রসমূহ অনুসারে বিদেশে ভ্রমণ সংক্রান্ত ব্যয় নির্বাহ, অনলাইনে ফি পরিশোধ ও হোটেল বুকিং ইত্যাদির জন্য আন্তর্জাতিক ক্রেডিট কার্ড ব্যবহারের অনুমোদন দেয়া হয়েছে।

০২। এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিদেশী সন্মানমণ্ডল ও নির্ভরযোগ্য উৎস হতে পণ্য ও সেবা (যেমন ডাউনলোডযোগ্য এপ্লিকেশন সফটওয়্যার, ই-বুক ইত্যাদি) সহ বৈধ যেকোন ক্রয়ের নিমিত্ত অনুমোদিত ডিলার ব্যাংক তাদের গ্রাহকগণকে একক লেনদেন এ সর্বোচ্চ মাঃ ডঃ ১০০/- (মার্কিন ডলার একশত) বা সমমূল্যের অন্য বৈদেশিক মুদ্রা অনুমোদন করতে পারেন। এরূপ প্রকৃতির ক্রয়ের বিপরীতে অনলাইনে মূল্য পরিশোধের নিমিত্ত আন্তর্জাতিক ক্রেডিট কার্ডধারী তাঁর অব্যবহৃত বার্ষিক ভ্রমণকোটার অতিরিক্ত বাৎসরিক অনধিক মাঃ ডঃ ১০০০/- (মার্কিন ডলার এক হাজার) পর্যন্ত ব্যবহার করতে পারেন।

০৩। আন্তর্জাতিক ক্রেডিট কার্ডধারী তাঁর স্বীয় দায়িত্বে অনলাইনে মূল্য পরিশোধের ক্ষেত্রে কর/শুল্ক (যদি থাকে) পরিশোধের বিষয়টি নিশ্চিত করবেন; এছাড়াও অনির্ভরযোগ্য/অসাধু বিক্রেতা কর্তৃক প্রতারণাজনিত ঝুঁকি এড়াতে তাদেরকে এধরনের লেনদেন এ যথাযথ সতর্কতা অবলম্বন করতে হবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যস্থাপক

ফোন : ৯৫৩০২৫০